



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-৩১০/ক/স্বী/০৩/ ৩৫৭৪

তারিখ: ৩০/০৫/২০১৯

বিষয়: গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন 'উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়' এ এডহক কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন 'উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়' এর ছাত্র অভিভাবক জনাব দিলীপ দাস কর্তৃক উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, অভিযোগ ও অধ্যক্ষের অবৈধতা সম্বলিত আবেদনের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বোর্ডকে একটি পত্র দেয়া হয়, যার স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.২৯. ০০ ২.২০১৫.০৪ তারিখ: ০৩/০১/২০১৮। উক্ত পত্রের আলোকে অত্র প্রতিষ্ঠানে এম.পি.ও বিহীন অধ্যক্ষের স্থলে এম.পি.ও ভুক্ত প্রধান শিক্ষক নিয়োগ করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক পরপর ০৩(তিন)টি পত্র যার স্মারক নং- যথাক্রমে ৬৭৮, তারিখ: ১১/০৭/২০১৮, স্মারক নং-২১৯, তারিখ: ০১/১০/২০১৮ এবং স্মারক নং-৪৫৯, তারিখ: ০৫/০২/২০১৯ এর মাধ্যমে নির্দেশনা ও কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ও সভাপতি অদ্যবধি এ ব্যাপারে কোন ব্যবস্থা নেননি। অনলাইনে ভারপ্রাপ্ত অধ্যক্ষ এডহক কমিটি গঠনের আবেদন করেছেন। মন্ত্রণালয় ও বোর্ডের নির্দেশনাবলী বারবার অগ্রাহ্য করায় এবং প্রবিধানমালা ২০০৯ এর আলোকে অধ্যক্ষের বৈধতা না থাকায় বোর্ড তা স্থগিত রাখে। এছাড়া অধ্যক্ষের বিরুদ্ধে আনিত অভিযোগের বিষয়ে তদন্ত করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ কে গত ০৭/০৬/২০১৮ তারিখে স্মারক নং- ৩১০/ক/স্বী/০৩/২০১৫ মোতাবেক পত্র দেয়া হয় কিন্তু অদ্যবধি এরও কোন জবাব পাওয়া যায়নি।

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে ইতিমধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কে সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অভিভাবকদের মধ্য হতে অভিভাবক প্রতিনিধি মনোনয়ন দিয়ে এডহক কমিটি গঠনের দায়িত্ব দেয়া হয়েছে। প্রবিধানমালা ২০০৯ এর ৩৯ 'গ' এর 'অ' বিধিমোতাবেক আপনাকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্য থেকে শিক্ষক প্রতিনিধি মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ-

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

জেলা শিক্ষা অফিসার
কাশিয়ানী, গোপালগঞ্জ।

মেমো নং- ৩৫৭৪(৫)

তারিখ: ৩০/০৫/১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২। চেয়ারম্যান এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), উদয়ন বিদ্যাপীঠ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ৪। জনাব দিলীপ দাস, গ্রাম: মহাটালী, পো: উজানী, উপজেলা: মুকসুদপুর, জেলা: গোপালগঞ্জ।
- ৫। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।